

# রাকসু নির্বাচনে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ

রাবি প্রতিনিধি

১৪ সেপ্টেম্বর ২০২৫, ১১:১৪ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), সিনেটে ছাত্র প্রতিনিধি ও হল সংসদ নির্বাচনে মোট ৯০৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রার্থীদের মধ্যে কেন্দ্রীয় সংসদে ২৪৮, সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনে ৫৮ জন ও ১৭টি আবাসিক হলে ৫৯৭ জন প্রতিদ্বন্দ্বিতা করবেন।

কেন্দ্রীয় সংসদে সহ-সভাপতি ভিপি পদে ১৮ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ১৩ জন, সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদে ১৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রার্থীদের মধ্যে ১৭টি আবাসিক হলে ভিপি পদে ৬১, জিএস পদে ৫৮ জন ও এজিএস পদে ৫৭ জন রয়েছেন। এদের মধ্যে মেয়েদের ৬টি আবাসিক হলে ভিপি পদে ১৬ জন, জিএস পদেও ১৬ জন ও এজিএস পদে ১৫ জন। ফলে শীর্ষ ৩ পদেই কোন হলেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় কেউ বিজয়ী হচ্ছে না।

আজ রবিবার বিকেলে সিনেট ভবনে নির্বাচন কমিশন এ তথ্য জানান। সেখানে লটারির মাধ্যমে প্রার্থীদের ব্যালট নম্বর প্রদান করা হয়। যদিও আগে একই প্যানেলের সকলকে একই ব্যালট নম্বর দেওয়ার নীতিমালা ছিল তবে গতকাল স্বতন্ত্র প্রার্থীদের দাবির মুখে সকল প্রার্থীর জন্য লটারির ব্যবস্থা করা হয়েছে।

উল্লেখ্য, রাকসু নির্বাচনে মোট ভোটার ২৮ হাজার ৯০৫ জন। এর মধ্যে ছেলের ১১টি আবাসিক হলে ১৭ হাজার ৬০০ জন ও মেয়েদের ৬টি আবাসিক হলে ১১ হাজার ৩০৫ ভোটার রয়েছে। আগামী ২৫ সেপ্টেম্বর রাকসু নির্বাচন অনুষ্ঠিত হবে।